Department of Education
Carmen Fariña, Chancellor

May 16, 2016

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক,

2016-2017 স্কুল বছরে আপনার সন্তানের প্রি-স্কুল ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে বর্ণিত সম্পর্কিত পরিষেবার ব্যবস্থা ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) কীভাবে সেসব তথ্য আমরা আনন্দের সাথে জানাচ্ছি।

সম্পর্কিত পরিসেবার মধ্যে আছে স্পিচ থেরাপি, অক্যুপেশনাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, কাউন্সেলিং, চোখ এবং শোনায় শিক্ষা পরিসেবা। এসকল পরিসেবা আপনার সন্তানের শিক্ষাবিষয়ক অগ্রগতির সহায়তায় গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের আইইপি-তে বর্ণিত প্রতিটি সম্পর্কিত পরিসেবার জন্য ডিওই একজন পরিসেবা প্রদানকারী নিয়োগের ব্যবস্থা করবে; এই প্রক্রিয়ায় আপনাকে সহায়তা প্রদানে আমরা দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ।

অনুগ্রহ করে কিছু সময় নিয়ে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনা করুন যা ডিওই কীভাবে প্রিস্কুল সম্পর্কিত পরিষেবার ব্যবস্থা করবে সেসব প্রক্রিয়া এবং পিতামাতারা অনেক সময় যেসব প্রশ্ন করতে পারেন সেই সকল বিষয়ে বিস্তারিত তথ্য আছে। অন্যান্য প্রয়োজনীয় সাইটের লিংকসহ, এই তথ্য অনলাইনেও পাওয়া যাবে। এই তথ্য পাবার জন্য, আমাদের হোমপেজ http://schools.nyc.gov –তে যান এবং পেজের উপরের সার্চ বক্সে ইনফরমেশন ফর প্যারেন্টস্ অব প্রিস্কুলার্স টাইপ করুন। প্রিস্কুল সম্পর্কিত পরিসেবা প্রদান প্রক্রিয়ার কিছু গুরুত্বপূর্ণ বিষয় এখানে দেয়া হলো:

- সম্পর্কিত পরিসেবা প্রদানকারী খুঁজে নেয়া আপনার দায়িত্ব নয়। আপনার সন্তানের আইইপি-তে বর্ণিত যেকোন সম্পর্কিত পরিসেবার ব্যবস্থা ডিওই তার নিজস্ব খরচে করবে।
- আপনার সন্তান যদি স্পেশাল এডুকেশন সেন্টার-ভিত্তিক কোন কর্মসূচিতে অংশগ্রহণ করে, তাহলে সেই কর্মসূচি তার সম্পর্কিত পরিসেবা প্রদান করবে।
- আপনার সন্তান যদি স্পেশাল এডুকেশন সেন্টার-ভিত্তিক কোন কর্মসূচিতে অংশগ্রহণ না করে, তাহলে যে তারিখে তার পরিসেবা শুরু করার কথা ডিওই সেই সময়ের মধ্যে তার জন্য একজন যোগ্য পরিসেবা প্রদানকারীর নিয়োগ করবে।
    - কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশনের (সিপিএসই) একজন প্রতিনিধিকে (যিনি আপনার সন্তানের আইইপি মিটিংয়ে অংশগ্রহণকারী সিপিএসই প্রশাসক হতে পারেন বা নাও হতে পারেন) আপনার সন্তানের কেস-এর অ্যাসাইন করা হবে এবং তিনি সরাসরি আপনার সাথে যোগাযোগ করবেন অথবা সম্পর্কিত পরিসেবার কোন এজেন্সিকে আপনার সাথে যোগাযোগের জন্য অনুমোদন দেবেন যাতে তার সম্পর্কিত পরিসেবা শুরুর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়।
    - এইসব ব্যবস্থা গ্রহণের পরে, প্রতিনিধি আপনার এবং পরিসেবা প্রদানকারী- উভয়কে অ্যাসাইনমেন্ট নিশ্চিত করবেন, এবং পরিসবাগুলি পরিকল্পনা অনুযায়ী শুরু নিশ্চিত করতে প্রক্রিয়ার তত্বাবধান করবেন।
- আপনার সন্তান যদি হেমন্তে একটি প্রি-কে ফর অল (ইউনিভার্সাল প্রি-কিনডারগার্টেন/ইউপিকে) কর্মসূচিতে ভর্তি হয়, তাহলে আমরা সাধারণত সে প্রি-স্কুল সাইটে তাকে দশ মাসের স্কুল বর্ষের পরিষেবা প্রদান করতে চাই, যদি না তার আইইপির শর্তে অন্য কিছু নির্দিষ্ট করে দেয়। সে সময় আপনার সন্তানের জন্য নতুন কোন প্রোভাইডার নিযুক্তি লাভের সম্ভাবনা আছে। অন্তর্বর্তিকালে আপনার সন্তানের আইইপি অনুযায়ী ১২ মাসের সার্ভিসের প্রয়োজন হলে আমরা আপনার সন্তানের সাথে যে থেরাপিস্ট ২০১৫-২০১৬ স্কুল বছরে কাজ করবেন, তাকে ধরে রাখবো যাতে সামারের সময়ও আইইপি-এর সাথে সামঞ্জস্যপূর্ণ কোন স্থানে তা অব্যাহত রাখা যায়। আপনার কাছাকাছি কোথাও একটি কর্মসূচি কীভাবে খুঁজতে হবে সেই তথ্যসহ, প্রি-কে ফর অল

A SHARED PATH TO SUCCESS

(ইউপিকে) কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য আমাদের হোমপেজ http://schools.nyc.gov–এ গিয়ে পাতার ওপরে সার্চ বক্সে '*Early Childhood* ' কথাটা লিখুন।

আপনার সন্তানের শিক্ষা লক্ষ্যের চাহিদা পূরণে পরিসেবা দিতে আমরা দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ। সংযুক্ত কাগজপত্রগুলো পর্যালোচনার পর, আপনার যদি কোন প্রশ্ন অথবা উদ্বেগ থাকে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

বিশ্বস্ত,

_____

_____

_____

Department of Education
Carmen Fariña, Chancellor

প্রক্রিয়ার উপরিচিত্র: প্রিস্কুল শিক্ষার্থীদের জন্য সম্পর্কিত পরিসেবার ব্যবস্থা গ্রহণ

কোন শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি) অনুযায়ী যেকোন সম্পর্কিত পরিসেবা প্রদান ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডিওই) দায়িত্ব। ডিওই এইসব পরিসেবার সম্পূর্ণ খরচ বহন করে।
আপনার সন্তান যদি স্পেশাল এডুকেশন সেন্টার-ভিত্তিক কর্মসূচিতে (কোন স্পেশাল ক্লাসে অথবা সমন্বিত পরিবেশে স্পেশাল ক্লাসে) অংশগ্রহণ করে, সেন্টার-ভিত্তিক কর্মসূচি আপনার সন্তানের সম্পর্কিত পরিসেবা প্রদান করবে।

সে যদি স্পেশাল এডুকেশন সেন্টার-ভিত্তিক কর্মসূচিতে অংশগ্রহণ না করে, আপনার স্থানীয় কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (সিপিএসই) তার আইইপি-তে উল্লিখিত প্রতিটি সম্পর্কিত পরিসেবার জন্য একজন পরিসেবা প্রদানকারী নিয়োজিত করবে। এই প্রতিনিধি সেই একই সিপিএসই প্রশাসক নাও হতে পারেন যিনি আপনার সন্তানের আইইপি মিটিংয়ে ছিলেন কিন্তু তিনি আপনার সন্তানের পরিসেবা প্রদানের ব্যাপারে যোগাযোগের ব্যক্তি হবেন। আপনার সন্তানের পরিসেবা প্রদান কোন্ সিপিএসই-র দায়িত্ব তা জানতে, আমাদের হোমপেজ http://schools.nyc.gov –এ গিয়ে, পেজের উপরের সার্চ বক্সে সিপিএসই টাইপ করুন, কমিটিজ অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন লিংকে ক্লিক করুন, এবং আপনার সন্তান যে ডিস্ট্রিক্টে বাস করে সেটির তালিকা খুঁজে নিন। আপনি যদি আপনার সন্তানের হোম ডিস্ট্রিক্ট না জানেন, তাহলে নম্বরে কল করুন অথবা আমাদের হোমপেজে "স্কুল সার্চ" বক্সে আপনার সন্তানের বাড়ির ঠিকানা লিখে "সার্চ' বাটনে ক্লিক করুন। ওয়েবসাইট আপনাকে আপনার ঠিকানার জোনভুক্ত স্কুলের নাম দেবে। স্কুলের নামের নিচে দেখুন স্কুলটি কোন স্কুল ডিস্ট্রিক্ট-এ অবস্থিত। এটিই হচ্ছে আপনার হোম ডিস্ট্রিক্ট। জেনে রাখুন যে আপনার হোম ডিস্ট্রিক্ট যে সিপিএসই-র আওতায় সেটি আপনার সন্তানের পরিষেবার জন্য দায়ী এমন কী তার প্রিস্কুল ভিন্ন ডিস্ট্রিক্টে অবস্থিত হলেও। তবে, সঠিক স্থানে পরিষেবা প্রদানের জন্য আপনার সন্তান কোন্ প্রিস্কুলে যাচ্ছে সেসম্পর্কে আমাদেরকে অবহিত রাখা আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আগামী স্কুল বছরে আপনার সন্তানকে সম্পর্কিত পরিসেবা প্রদানের জন্য সিপিএসই প্রতিনিধি প্রথমে একজন ডিওই কর্মী খুঁজে নিতে কাজ করবেন। ডিওই কর্মী না পাওয়া গেলে, সিপিএসই প্রতিনিধি ডিওই-র সাথে চুক্তি আছে এমন একটি এজেন্সির মাধ্যমে একজন যোগ্য পরিসেবা প্রদানকারী খুঁজে নেবে। চুক্তিবদ্ধ কোন এজেন্সি পাওয়া না গেলে, সিপিএসই প্রতিনিধি একজন স্বাধীন যোগ্য প্রদানকারী (হয় কোন ব্যক্তি অথবা কোন এজেন্সি) খুঁজে নেবে। *সম্পর্কিত পরিসেবা প্রদানকারী খুঁজে নেয়া আপনার দায়িত্ব নয়।*

সিপিএসই প্রতিনিধি কর্তৃক নিয়োজিত চুক্তিবদ্ধ অথবা স্বাধীন পরিসেবা প্রদানকারী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আপনার সাথে যোগাযোগ করবে। এই প্রক্রিয়ার সময় আপনার যদি কোন প্রশ্ন অথবা উদ্বেগ থাকে, অনুগ্রহ করে সরাসরি আপনার সিপিএসই প্রতিনিধির সাথে যোগাযোগ করুন। ব্যবস্থা নেয়ার পর, প্রতিনিধি বিষয়টি নিশ্চিত করে আপনাকে এবং যে এজেন্সি পরিসেবা প্রদানকারীকে চেনে তাদের জানাবেন। (স্বাধীন প্রদানকারীর ক্ষেত্রে, ডিওই প্রদানকারীকে একটি ব্যক্তিক চুক্তিপত্র ইস্যু করবে।) *নিজে নিজে কোন এজেন্সি অথবা পরিসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করবেন না কারণ তাতে ভুল বোঝাবুঝির সৃষ্টি হতে পারে।*

সময়সূচির তারিখ অনুযায়ী আপনার সন্তানের পরিসেবা শুরু হবার পর, সিপিএসই প্রতিনিধি পরিসেবা প্রদানকারীকে নিশ্চিত করবেন যে, পরিসেবা শুরু হয়েছে। সময়সূচির তারিখ থেকে পরিসেবা শুরু না হলে, অনুগ্রহ করে সিপিএসই প্রতিনিধির সাথে দ্রুত যোগাযোগ করুন। পরিসেবা যাতে শুরু হয়ে সেবিষয়টি নিশ্চিত করতে ডিওই তখন ব্যবস্থা নেবে।
এই প্রক্রিয়ার যেকোন অংশ সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে সংযুক্ত বহুল জিজ্ঞাসিত প্রশ্নের তালিকা দেখুন।
সম্পর্কিত পরিসেবা প্রদানের ক্ষেত্রে ডিওই-র নির্দেশনার দর্শনটি পড়া এবং প্রিস্কুল শিক্ষা সংক্রান্ত আমাদের ওয়েবসাইটের অন্য তথ্য আপনার জন্য সহায়ক হতে পারে। নির্দেশনা দর্শন জানতে (গাইডিং ফিলোসফি), আমাদের হোমপেজ http://schools.nyc.gov-তে গিয়ে পেজের উপরের সার্চ বক্সে *Guiding Philosophy: Related Services*' টাইপ করুন। আমাদের প্রিস্কুল স্পেশাল এডুকেশন ওয়েব পেজ দেখতে, আমাদের হোমপেজ http://schools.nyc.gov-এ যান এবং '*Information for Parents of Preschoolers*' টাইপ করুন।

এইসব সহায়-সংস্থান থেকে আপনি যদি আপনার সব প্রশ্নের উত্তর না পান, অনুগ্রহ করে আপনার সিপিএসই-র সাথে যোগাযোগ করুন। আপনার সিপিএসই-র সাথে যোগাযোগ করার পরেও, যদি কোন প্রশ্ন বা উদ্বেগ আপনার থেকে যায়, অনুগ্রহ করে relatedservices@schools.nyc.gov. ঠিকানার সম্পর্কিত পরিসেবায় ইমেইল পাঠান। প্রতি কর্মদিবসে ডিওই-র স্পেশাল এডুকেশন অফিস কর্তৃক এই ইমেইল ঠিকানা চেক করা হয়, এবং আমরা আপনাকে দ্রুত ও বিস্তারিত উত্তর দিতে কাজ করি।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

প্রিস্কুল শিক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট পরিষেবা

1. **আমি কীভাবে আমার সিপিএসই প্রতিনিধির নাম এবং যোগাযোগের তথ্য পেতে পারি?**
   আপনার সিপিএসই প্রতিনিধি খুঁজতে, আপনার সন্তান যে ডিস্ট্রিক্টে থাকে সেই সিপিএসই-তে ফোন করুন। আপনার সন্তানের পরিসেবা প্রদান কোন্ সিপিএসই-র দায়িত্ব তা জানতে, আমাদের হোমপেজ http://schools.nyc.gov –তে গিয়ে, পেজের উপরের সার্চ বক্সে সিপিএসই টাইপ করুন, কমিটিজ অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন লিংকে ক্লিক করুন, এবং আপনার সন্তান যে ডিস্ট্রিক্টে বাস করে সেটির তালিকা খুঁজে নিন। আপনি যদি আপনার সন্তানের হোম ডিস্ট্রিক্ট না জানেন, তাহলে নম্বরে কল করুন অথবা আমাদের হোমপেজে "স্কুল সার্চ" বক্সে আপনার সন্তানের বাড়ির ঠিকানা লিখে "সার্চ' বাটনে ক্লিক করুন। ওয়েবসাইট আপনাকে আপনার ঠিকানার জোনভুক্ত স্কুলের নাম দেবে। স্কুলের নামের নিচে দেখুন স্কুলটি কোন স্কুল ডিস্ট্রিক্ট-এ অবস্থিত। এটিই হচ্ছে আপনার হোম ডিস্ট্রিক্ট।

2. **আপনার সন্তানকে সম্পর্কিত পরিসেবা প্রদানে ডিওই-র দর্শন কী?**
   একজন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর শিক্ষায় সহায়তা প্রদান এবং তার শিক্ষা-বিষয়ক অগ্রগতির উন্নতিতে সম্পর্কিত পরিসেবা দেয়া হয়। সংশ্লিষ্ট পরিসেবার মূল উদ্দেশ্য হচ্ছে প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষা-লক্ষ্য অর্জন সর্বোচ্চ বৃদ্ধিতে সহায়তা করা। সম্পর্কিত পরিসেবা প্রদানে ডিওই-র পরিচালন দর্শন সম্পর্কে আরও পড়তে, আমাদের হোমপেজ http://schools.nyc.gov-এ যান এবং টাইপ করুন '*Guiding Philosophy*: *Related Services*' টাইপ করুন।

3. **আমি কি আমার সন্তানের জন্য একজন পরিসেবা প্রদানকারী বেছে নিতে পারি?**
   না, সিপিএসই প্রতিনিধির মাধ্যমে ডিওই আপনার সন্তানের জন্য একজন পরিসেবা প্রদানকারী নিয়োগ করবে। আপনি যদি নিজে নিজে কোন এজেন্সি অথবা পরিসেবা প্রদানকারী ঠিক করেন, তাতে ভুল বোঝাবুঝির সৃষ্টি হতে পারে। আপনার সন্তানকে পরিসেবা প্রদানের নির্দিষ্ট পরিকল্পনা তৈরি করতে সিপিএসই প্রতিনিধি পরিসেবা প্রদানকারীকে আপনার সাথে যোগাযোগের নির্দেশ দেবেন। আপনার যদি কোন ব্যাপারে প্রশ্ন বা উদ্বেগ থাকে, অনুগ্রহ করে আপনার সিপিএসই প্রতিনিধির সাথে যোগাযোগ করুন।

4. **পরিসেবাসমূহ দ্রুত প্রদান করা হবে সেবিষয়টি নিশ্চিত করতে আমি কীভাবে সহায়তা দিতে পারি?**
   আপনি সবচেয়ে গুরুত্বপূর্ণ যে জিনিসটি করতে পারেন সেটি হলো নিশ্চিত করা যে আপনার সিপিএসই-র কাছে বর্তমান যোগাযোগের তথ্য রয়েছে এবং আপনার সিপিএসই প্রতিনিধির সাথে যোগাযোগ করা এবং সিপিএসই প্রতিনিধির ও ডিওই যেসব প্রোভাইডারকে আপনার সাথে যোগাযোগ করতে বলেছে তাদের অনুরোধের দ্রুত ও পূর্ণাঙ্গ সাড়া দেয়া। আপনার ঠিকানা অথবা যোগাযোগের তথ্যে কোন পরিবর্তন হলে অনুগ্রহ করে সিপিএসই-কে তা দ্রুত জানিয়ে দিন যাতে আমরা বুঝতে পারি কীভাবে আপনার সাথে যোগাযোগ করা যাবে।

5. **এই বছর আমার সন্তানকে যে থেরাপিস্ট পরিসেবা দিয়েছেন আমি তার ব্যাপারে অত্যন্ত খুশি; আমি কি তাকেই আবার পরবর্তী বছরের জন্য পেতে পারি?**
   কিছু কিছু ক্ষেত্রে এমন হতে পারে যে, একই পরিসেবা প্রদানকারী এক প্রিস্কুল বছর থেকে পরবর্তী বছরে আপনার সন্তানের সাথে কাজ অব্যাহত রাখবে। তবুও, এ ব্যাপারে নিশ্চিত হওয়া যায় না যে সেটিই ঘটবে যেমনভাবে স্কুল-বয়সী শিক্ষার্থীদের

বেলায়ও নিশ্চিত বলা যায় না যে, এক বছর থেকে আরেক বছরে একই ক্লাসরুম শিক্ষক থাকবে। যেখানে সম্ভব, আমরা চাইবো ডিওই নিয়োজিত আগের পরিসেবা প্রদানকারী আপনার সন্তানের সাথে কাজ অব্যাহত রাখুক।

a) সামারের পরিসেবার জন্য, আপনার সন্তান হেমন্তে যে কিন্ডারগার্টেনে পড়েছে সেখানেই সে পরিসেবা পাবে।
b) গ্রীষ্মকালীন পরিষেবার জন্য আপনার সন্তান হেমন্তে যে স্পেশাল এডুকেশন সেন্টার-ভিত্তিক প্রি-কে ফর অল (ইউপিকে) কর্মসূচিতে ছিলো সেখানেই পরিষেবা লাভ করবে।
c) ১২-মাসের শিক্ষার্থী যারা ডিওই নিয়োজিত পরিসেবা প্রদানকারীর সাথে ১ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখ অথবা তারপর কাজ শুরু করেছে তাদের জন্য।

6. পরিসেবা কোথায় প্রদান করা হবে?

পরিসেবা আপনার সন্তানের ক্লাসরুমে দিতে হবে কিনা, সেটি তার আইইপি-তে উল্লিখিত থাকবে। অন্যথায়, সিপিএসই প্রতিনিধি একজন পরিসেবা প্রদানকারী খুঁজে নিতে কাজ করবে যিনি ডিওই কর্তৃক নির্দিষ্ট যথাযথ স্থানে আপনার সন্তানকে পরিসেবা দিতে পারেন। এই প্রক্রিয়াটি সহজীকরণে, প্রতিনিধি চুক্তিবদ্ধ এজেন্সি অথবা স্বাধীন পরিসেবা প্রদানকারীর সাথে আপনার সন্তানের প্রিস্কুল অথবা চাইল্ড কেয়ারের স্থান সম্পর্কে ফাইলে লভ্য যে সর্বশেষ তথ্য আছে সেটি ব্যবহার করবেন। অনেক ক্ষেত্রে, এটি আপনার সন্তানের প্রিস্কুল অথবা চাইল্ড কেয়ার কর্মসূচি, অথবা আপনার বাড়ির কোন পৃথক রুম হতে পারে (যেমন, আপনার সন্তান যদি প্রিস্কুলে না থাকে)। কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে, পরিসেবা সম্পর্কিত পরিসেবা এজেন্সিতেও দেয়া হতে পারে। যদি যাতায়াতে কিছু সময় লাগে, সিপিএসই প্রতিনিধি নিশ্চিত করবেন যেন পরিসেবা প্রদানকারী যুক্তিসঙ্গত এবং যথাযথ সময়ে এবং স্থানে আপনার সন্তানকে পরিসেবা প্রদান করেন। (এজেন্সিসমূহ যেসব স্থানে অবস্থিত সেখানকার পরিবহন সম্পর্কিত তথ্য নিচে দেখুন।) ব্যবস্থা অনুযায়ী সময় এবং স্থানে যদি আপনার সন্তান পরিসেবা আর না পেয়ে থাকে, আপনার উচিত অতিসত্বর সিপিএসই প্রতিনিধির সাথে যোগাযোগ করা।

7. পরিসেবা প্রদানকারী যে যোগ্য সেবিষয়টি ডিওই কীভাবে নিশ্চিত করবে?

কোন পরিসেবা প্রদানকারী আপনার সন্তানের সাথে কাজ শুরুর আগে ডিওই নিশ্চিত করবে, যে পরিসেবা সে দিতে যাচ্ছে তার উপর পরিসেবা প্রদানকারীর যথাযথ, বৈধ নিউ ইয়র্ক স্টেট লাইসেন্স আছে। পরিসেবা প্রদানকারীর ফিঙ্গারপ্রিন্ট করা থাকবে এবং তার ব্যাকগ্রাউন্ড চেক করা হবে সেটিও আমরা বাধ্যতমূলক রেখেছি। আমরা যদি এমন কোন ঘটনা জানি যা আপনার সন্তানকে পরিসেবাদানে প্রদানকারীর যোগ্যতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে, আমরা দ্রুত নতুন প্রদানকারী নিয়োগ করবো।

8. ডিওই কেন চুক্তিবদ্ধ এজেন্সি ব্যবহার করে? তারা নির্বাচিত কেন? তাদের কেউ কেউকে আবার "মূল" এজেন্সি বলা হয় কেন?

পাঁচটি বরোব্যাপী শিক্ষার্থীদেরকে পরিসেবা দিতে পারে এমন যোগ্য প্রদানকারী নিশ্চিত করতে ডিওই চুক্তিবদ্ধ এজেন্সিসমূহ ব্যবহার করে। চুক্তি থাকার কারণে ডিওই পিতামাতাদের জন্য বোঝা না বাড়িয়ে দ্রুত এবং উপযুক্ত পরিসেবা প্রদানকারী খুঁজে নিতে পারে। ডিওই প্রতিযোগিতামূলক নিলামের মাধ্যমে চুক্তিবদ্ধ এজেন্সি নির্বাচন করে। এজেন্সিগুলো উচ্চ মানসম্পন্ন পরিসেবা প্রদানে কতটা যোগ্য তা পর্যালোচনা করে তাদের নির্বাচন করা হয়, এবং আমরা তাদের কার্যসম্পাদনা মনোযোগ সহকারে তত্ত্বধান করি যাতে শিক্ষার্থীর সকল সময় যথাযথ পরিসেবা লাভ করে সেবিষয়টি নিশ্চিত করা যায়। "মূল" এজেন্সিগুলোর অনেক পরিসেবা প্রদানকারী রয়েছে যারা পুরো বরোতে পরিসেবা দিতে পারেন। আপনার সন্তানের জন্য কোন পরিসেবা প্রদানকারী খুঁজতে, সিপিএসই প্রতিনিধি প্রথমে মূল এজেন্সিগুলোর সাথে যোগাযোগ করবেন।

9. আমার সন্তানকে পরিসেবা প্রদানে সিপিএসই কর্তৃক নিয়োজিত প্রদানকারী কীভাবে জানবে কোথায় এবং কখন তার সাথে কাজ শুরু করতে হবে?

সিপিএসই পরিসেবা প্রদানকারীকে তার পরিসেবার স্থান এবং শুরুর তারিখ লিখিতভাবে জানিয়ে দেবে। চুক্তিবদ্ধ এজেন্সির বেলায়, সাধারণত ইমেইল করে প্রোভাইডারকে জানানো হবে। যোগ্য স্বাধীন প্রদানকারীর ক্ষেত্রে, সিপিএসই প্রতিনিধি

প্রদানকারীর সাথে সরাসরি একটি স্বাধীন চুক্তি (আইএ) করবে। সিপিএসই প্রতিনিধি প্রদানকারীর নাম, পরিসেবা প্রদানের স্থান, এবং অনুমোদিত শুরুর তারিখও আপনাকে জানাবেন।

10. সিপিএসই কর্তৃক লিখিতভাবে উল্লিখিত তারিখের আগে কি পরিসেবাগুলো শুরু হতে পারে?

না।

11. পরিসেবার জন্য আমার কি কোন খরচ আছে?

না। চুক্তিভুক্ত এজেন্সি এবং স্বাধীন পরিষেবা প্রদানকারীগণ ডিওই কর্তৃক আয়োজিত সংশ্লিষ্ট পরিষেবার জন্য আপনাকে কোন বিল দিতে অথবা আপনার কাছে থেক কোন অর্থও গ্রহণ করতে পারবে না।

12. সিপিএসই কর্তৃক উল্লিখিত তারিখে আমার সন্তানের পরিসেবা শুরু না হলে, সেক্ষেত্রে কী হবে?

অতিসত্বর আপনার সিপিএসই প্রতিনিধির সাথে যোগাযোগ করা উচিত। আপনার সন্তানের জন্য নিয়োজিত পরিসেবা প্রদানকারীর সাথে সিপিএসই যোগাযোগ করবে। প্রদানকারী যদি পরিসেবা শুরু করতে না পারে, আপনার সিপিএসই প্রতিনিধি ভিন্ন প্রদানকারী খুঁজে নেবে। আপনি যদি সিপিএসই প্রতিনিধির সাথে যোগাযোগ করতে না পারেন, অনুগ্রহ করে relatedservices@schools.nyc.gov ঠিকানায় ইমেইল অথবা ডিস্ট্রিক্ট-এর কমিটি অন স্পেশাল এডুকেশন (সিএসই) অফিস প্রধানের সাথে যোগাযোগ করুন। (অনুগ্রহ করে জেনে রাখুন, কোন প্রদানকারী তার নিয়োগদানের "দায়িত্ব" প্রত্যাখ্যান করতে করতে পারবে না; ডিওই ভিন্ন প্রদানকারী খুঁজে নেবার সিদ্ধান্ত নেবে।)

13. আমার সন্তানকে পরিসেবা প্রদানকারী যদি পরিষেবা প্রদান অব্যাহত রাখতে অসক্ষম হয়, তাহলে কী হবে?

প্রদানকারীর দায়িত্ব অবিলম্বে ডিওই-কে জানানো। তাহলে ডিওই অন্য প্রদানকারী খুঁজতে উপরে বর্ণিত একই প্রক্রিয়া অনুসরণ করবে। আপনার প্রদানকারী যদি আপনাকে বলে যে, শেষ তারিখের আগেই পরিসেবা বন্ধ হবে তাহলে আপনার উচিত দ্রুত সিপিএসই প্রতিনিধির সাথে যোগাযোগ করা।

14. আমার সন্তানকে সম্পর্কিত পরিষেবায় আনা-নেয়ার জন্য কোন পরিবহন ব্যবস্থা আছে কি?

আপনার সন্তানের সম্পর্কিত পরিসেবা যদি তার প্রিস্কুল(স্পেশাল এডুকেশন সেন্টার-ভিত্তিক কর্মসূচি ছাড়া), চাইল্ড কেয়ার কর্মসূচি, অথবা বাড়িতে প্রদান করা হয়, ডিওই কোন পরিবহন ব্যবস্থা করে না। সিপিএসই বাড়িতে, প্রিস্কুলে, অথবা চাইল্ড কেয়ার কর্মসূচিতে পরিষেবা দান করার ব্যবস্থা করতে অক্ষম হবার কারণে আপনার সন্তানের সম্পর্কিত পরিষেবা যদি কোন সংশ্লিষ্ট পরিষেবা এজেন্সিতে প্রদান করা হয় এবং সেখানে যেতে যদি পরিবহন আবশ্যক হয়, সেক্ষেত্রে এজেন্সিতে যেতে সিপিএসই পরিবহন ব্যবস্থা অথবা সেজন্যে অর্থ প্রদান করবে। সাধারণভাবে, এটি মেট্রোকার্ড ইস্যুর মাধ্যমে হবে যেখানে সাইটে যেতে যথাযথ পাবলিক পরিবহনের সুবিধা আছে। পরিবহনের অথ পরিশোধের পদ্ধতি সম্পর্কে আরো তথ্য পাবার জন্য, আমাদের হোমপেজ http://schools.nyc.gov – এ গিয়ে পাতার উপরের সার্চ বক্সে রিলেটেড সার্ভিসেস ইনফরমেশন টাইপ করুন। পরিবহনের অর্থ পরিশোধ সম্পর্কিত তথ্য এবং আবশ্যক ফরমের লিংক রিলেটেড সার্ভিসেস ইনফরমেশন পাতার নিচে দেয়া আছে।

للحصول على نسخة باللغة العربية من هذه الوثيقة، نرجو زيارة الموقع الإلكتروني أدناه.	Pour obtenir la traduction de ce document, merci de visiter le site internet cité ci-dessous.	Перевод данного документа на русский язык находится на вебсайте, указанном ниже.
এই নথির বাংলা অনুবাদের জন্য অনুগ্রহ করে নিচের ওয়েবসাইট দেখুন।	Pou ka jwenn yon kopi dokiman sa a an Kreyòl ayisyen, tanpri ale sou sit entènèt ki pi ba a.	Para obtener una versión en español de este documento, por favor visite el sitio de Internet a continuación.
如要取得本文件的中文譯本，請瀏覽下面的網站。	본 문서의 한국어판을 보시려면 다음 웹사이트를 방문해 주십시오.	اس دستاویز کے اردو ترجمہ کے لیے برائے مہربانی ذیل کی ویب سائٹ سے رجوع کریں۔

http://schools.nyc.gov/Academics/SpecialEducation/tellmemore/information-parents-preschoolers.htm